গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কমিশনারের কার্যালয়
কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট, ঢাকা (উত্তর)
বাড়ি নং-৬, সোনারগাঁও জনপথ, সেক্টর নং-১১, উত্তরা, ঢাকা-১২৩০

## নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট ঢাকা (উত্তর), ঢাকা-এর অচল ঘোষিত ০১(এক)টি জীপ গাড়ি নং-ঢাকা-মেট্রো-ভ-৬৭৮২, তৈরী সন-১৯৮৭ ও ১(এক)টি স্টাফ বাস নং ঢাকা মেট্রো-চ-০৮-০০৫১, তৈরী সন-১৯৯৪ 'যেখানে যে অবস্থায় আছে' ভিত্তিতে নিলামে বিক্রয় করা হবে। আলোচ্য গাড়ি ২(দুই)টি যে কোন দিন কাস্টমস অফিসার্স কোয়ার্টার, প্লট নং-৫৮/ই, রোড নং-২, বনানী ও কাস্টম হাউজ, কুর্মিটোলা, ঢাকার ঠিকানায় পরিদর্শন করা যাবে।
ক্রয় করতে ইচ্ছুক প্রকৃত ব্যবসায়ী ও সরবরাহকারী প্রতিষ্ঠানকে মূল্য উল্লেখপূর্বক নিজস্ব মুদ্রিত লেটার হেডপ্যাডে সীলমোহরকৃত দরপত্র আগামী ২৮/০৬/১০ইং তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করতে হবে। দরপত্রের সাথে যে কোন সিডিউল ব্যাংক হতে দরপত্রে উল্লেখিত মূল্যের ১০% আর্নেস্টমানি (ফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট ঢাকা (উত্তর), ঢাকা-এর অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে এবং একই দিন বেলা ১২.৩০ ঘটিকায় দরপত্রদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। কৃতকার্য দরপত্রদাতার দরপত্র গ্রহণের ১০ (দশ) দিনের মধ্যে সম্পূর্ণ টাকা জমার মাধ্যমে গাড়িটি ডেলিভারী গ্রহণ করতে হবে।
যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

মোঃ এনায়েত হোসেন
কমিশনার

জিডি-২৭১৮

## বিআরটিএ'র জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এখন থেকে বিআরটিএ ঢাকা সার্কেল (উত্তর) এবং (দক্ষিণ) অফিসে রেজিস্ট্রেশনকৃত সকল প্রকার বাস-মিনিবাস ইত্যাদি যানবাহনের ফিটনেস গ্রহণের নিমিত্তে রুট পারমিটে উল্লেখিত রুটের শেষ প্রান্তের সার্কেল অফিসে এবং ট্রাক-মিনিট্রাক, ট্যাংকলরী, কভার্ডভ্যান ইত্যাদি যানবাহনের ফিটনেস গ্রহণের নিমিত্তে ঢাকার নিকটবর্তী জেলা সমূহ যেমন- মানিকগঞ্জ, গাজীপুর, নারায়ণগঞ্জ, নরসিংদী, মুন্সীগঞ্জ, রাজবাড়ী, ফরিদপুর, কুমিল্লা ইত্যাদি সার্কেল অফিসে গাড়ীর পরিদর্শন কার্যাদি সম্পন্ন করা যাবে। রুট পারমিটের শেষ প্রান্তিক সার্কেল অফিস থেকে বাস-মিনিবাস এবং ঢাকার নিকটবর্তী সার্কেল অফিস থেকে ট্রাক-মিনিট্রাক, ট্যাংকলরী, কভার্ডভ্যান ইত্যাদি যানবাহনের পরিদর্শন রিপোর্ট সংগ্রহ করে যথাযথ ট্যাক্স/ফি জমা দিয়ে ঢাকার সংশ্লিষ্ট সার্কেল অফিস হতে ফিটনেস সার্টিফিকেট গ্রহণ করা যাবে।

বিস্তারিত তথ্য বিআরটিএ'র প্রধান কার্যালয় ও সংশ্লিষ্ট সার্কেল অফিস সমূহে জানা যাবে।

জিডি-২৭০৬

## Directorate General of Defence Purchase

Ministry of Defence
New Airport Road, Tejgaon
Dhaka-1215

### Tender Notice

1. Sealed tenders in local currency are invited from bonafide firms/suppliers (enlisted firms in DGDP) for supply of the following items for Bangladesh Armed Forces:

| Ser No | Nomenclature | Date of selling From | Date of selling To | Date of opening | Currency | Tender No. |
|---|---|---|---|---|---|---|
| 1. | Tea (Black) 150 Metric Tons | 17/06/2010 | 13/07/2010 | 14/07/2010 | Local | 1086/ P-8 |
| 2. | Copper Sulphate 2,000 KG | 17/06/2010 | 13/07/2010 | 14/07/2010 | Local | 1106/ P-8 |

2. Tender schedules with detail specifications/conditions will be available on payment as per IT selling rate (non-refundable), between 0800 hours to 1400 hours at DGDP office on all working days. Sealed tenders shall have to be dropped in the tender box placed at DGDP Tender Room latest by 1000 hours and will be opened at 1005 hours on the day specified in presence of the tenderers (if any).

ISPR/Misc/2010/197
GD-2702

Major
For Director General

## বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন

### বিটিএমসি নিয়ন্ত্রণাধীন মিলসমূহে সার্ভিসচার্জ পার্টি নিয়োগের পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি

পার্টির নিজস্ব অর্থায়নে মিলে কাঁচাতুলা/কৃত্রিম আঁশ সরবরাহের মাধ্যমে উৎপাদিতব্য সুতা সার্ভিসচার্জের বিনিময়ে উত্তোলনের মাধ্যমে সার্ভিসচার্জ পদ্ধতিতে মিল পরিচালনার লক্ষ্যে বিটিএমসি নিয়ন্ত্রণাধীন (১) **সুন্দরবন টেক্সটাইল মিল নং-১**, (২) **সুন্দরবন টেক্সটাইল মিল নং-২ (নীল কমল ইউনিট)**, (৩) **আমিন টেক্সটাইলস লিঃ (মিল নং-২)**, (৪) **দোস্ত টেক্সটাইল মিল**, (৫) **দারোয়ানী টেক্সটাইল মিল**, (৬) **কুড়িগ্রাম টেক্সটাইল মিল** এবং (৭) **কাদেরিয়া টেক্সটাইল মিলে** ০২ (দুই) বৎসরের জন্য সার্ভিসচার্জ পার্টি নিয়োগকল্পে সুতার পাইকারী লাইসেন্সধারী, আর্থিকভাবে স্বচ্ছল, মিল পরিচালনায় অভিজ্ঞ আগ্রহী সুতা ব্যবসায়ীদের নিকট থেকে নির্ধারিত সিডিউলে বর্ণিত শর্তাধীনে সীল মোহরকৃত পুনঃদরপত্র আহবান করা যাচ্ছে।

আগ্রহী পার্টিকে প্রতি মিলের জন্য আলাদা দরপত্র সিডিউল ক্রয় এবং আলাদা জামানতের অর্থ জমা প্রদানপূর্বক দরপত্রে অংশ গ্রহন করতে হবে। একই পার্টি/প্রতিষ্ঠান একাধিক মিলের জন্য দরপত্র দাখিল করতে পারবেন। বিস্তারিত শর্ত সম্বলিত দরপত্র সিডিউল প্রতি সেট ৫০০.০০ (পাঁচশত) টাকা মূল্যে (অফেরৎযোগ্য) (১) হিসাব বিভাগ, বিটিএমসি প্রধান কার্যালয়, "বিটিএমসি ভবন" ৭-৯, কাওরান বাজার বা/এ, ঢাকা (২) বিটিএমসি লিয়াজোঁ অফিস, পরিবহন গুদাম, পোর্ট কলোনী গুদাম এলাকা, চট্টগ্রাম এবং (৩) সংশ্লিষ্ট মিল অফিস থেকে আগামী **২৩/০৬/২০১০ ইং** তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে। দরপত্র গ্রহনের দিন কোন টেন্ডার সিডিউল বিক্রী করা হবে না।

দরপত্র আগামী **২৪/০৬/২০১০ ইং** তারিখ দুপুর ১২.৩০ ঘটিকা পর্যন্ত (১) সিনিয়র সহকারী সচিব / সহকারী সচিব, শাখাঃ নীতি-১, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ভবন নং-৬, (১২ তলা), কক্ষ নং- ১১২৫, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (২) বাণিজ্য বিভাগ, বিটিএমসি প্রধান কার্যালয়, "বিটিএমসি ভবন" ৭-৯, কাওরান বাজার বা/এ, ঢাকা (৩) বিটিএমসি লিয়াজোঁ অফিস, পরিবহন গুদাম, পোর্ট কলোনী গুদাম এলাকা, চট্টগ্রাম এবং (৪) সংশ্লিষ্ট স্ব স্ব মিল অফিসে রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহন করা হবে। দরপত্র একই দিন অর্থাৎ **২৪/০৬/২০১০ ইং** তারিখ দুপুর ১২.৪৫ ঘটিকার সময় উক্ত ০৪ (চার)টি স্থানে যুগপৎভাবে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। আগ্রহী দরদাতাকে সিডিউল ক্রয়ের রসিদ এবং সংশ্লিষ্ট মিলের অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক থেকে পে-অর্ডার/ডিডি আকারে নির্ধারিত অংকের জামানত (মিল ভেদে ৫.০০ (পাঁচ) থেকে ৬.০০ (ছয়) লক্ষ টাকা) দরপত্রের সাথে জমা দিতে হবে। জামানতবিহীন কিংবা আংশিক জামানত সম্বলিত দরপত্র বাতিল বলে গণ্য হবে। পার্টি টেন্ডার সিডিউলের কোন শর্ত পালনে/পূরণে ব্যর্থ হলে কিংবা নতুন কোন শর্তযুক্ত দরপত্র দাখিল করলে তা গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

বিটিএমসি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

**প্রকৌঃ এম এ জি আকন্দ**
মহাব্যবস্থাপক (বাণিজ্য)

## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
Website Address : www.bteb.gov.bd

স্মারক নং-বাকাশিবো/ক/ডিপ/২০০৮/৭১৭(৫ম খন্ড) তারিখঃ ০৭-০৬-২০১০ খ্রিঃ

### ছাত্র-ছাত্রী ভর্তির বিজ্ঞপ্তি

২০১০-২০১১ শিক্ষাবর্ষে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত দেশের সরকারি ও বেসরকারি ভাবে পরিচালনাকারী প্রতিষ্ঠানসমূহে নিম্নে উল্লিখিত
(১) **৪ বছর মেয়াদিঃ** ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার ও ডিপ্লোমা-ইন-ফিসারিজ।
(২) **৩ বছর মেয়াদিঃ** ডিপ্লোমা-ইন-হেল্থ টেকনোলজি এন্ড সার্ভিসেস।
(৩) **২ বছর মেয়াদিঃ** এইচএসসি (বিএম), এইচএসসি (ভোক) ও ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**১.০ ভর্তির আবেদনের যোগ্যতাঃ**

| শিক্ষাক্রম | ভর্তির শিক্ষাগত যোগ্যতা |
|---|---|
| সরকারি প্রতিষ্ঠানসমূহেঃ<br>(ক) ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (৩২ টেকনোলজি)<br>(খ) ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং<br>(গ) গার্মেন্টস ডিজাইন ও প্যাটার্ন মেকিং<br>(ঘ) জুট টেকনোলজি<br>(ঙ) ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার<br>(চ) ডিপ্লোমা-ইন-ফিসারিজ | ২০১০, ২০০৯ ও ২০০৮ সনে এসএসসি/এসএসসি(ভোক)/এসএসসি দাখিল (ভোক)/সমমান পরীক্ষায় সাধারণ গণিত বা উচ্চতর গণিতে জিপি ৩ সহ কমপক্ষে জিপিএ ৩ প্রাপ্ত ছাত্র/ছাত্রীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। |
| বেসরকারি প্রতিষ্ঠানসমূহেঃ<br>(ক) ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (৩২ টেকনোলজি)<br>(খ) ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং<br>(গ) গার্মেন্টস ডিজাইন ও প্যাটার্ন মেকিং<br>(ঘ) ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার<br>(ঙ) ডিপ্লোমা-ইন-ফিসারিজ<br>(চ) ডিপ্লোমা-ইন-হেল্থ টেকনোলজি এন্ড সার্ভিসেস (৭টি টেকনোলজি) | এসএসসি/এসএসসি(ভোক)/ এসএসসি দাখিল (ভোক)/সমমান পরীক্ষায় - বিজ্ঞান বিভাগের ক্ষেত্রে কমপক্ষে জিপিএ ২.৫ / ২য় বিভাগ প্রাপ্ত ছাত্র/ছাত্রীরা অথবা বিজ্ঞান বিভাগ ব্যতীত অন্যান্য বিভাগের ক্ষেত্রে সাধারণ গণিত বা সাধারণ বিজ্ঞানে জিপি ২ / ৪০% নম্বরসহ কমপক্ষে জিপিএ ২.৫ / ২য় বিভাগ প্রাপ্ত ছাত্র-ছাত্রীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। ভর্তির জন্য ছাত্র-ছাত্রীদের বয়স ও পাসের সন শিথিলযোগ্য। |
| বেসরকারি প্রতিষ্ঠানসমূহেঃ<br>(ক) এইচএসসি (বিএম)<br>(খ) ডিপ্লোমা-ইন-কমার্স | অনুমোদিত সকল বোর্ড / উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে এসএসসি বিজ্ঞান/মানবিক/ব্যবসায় শিক্ষা/ভোকেশনাল/দাখিল ভোক/দাখিল বা সমমান পরীক্ষায় পাস ছাত্র-ছাত্রীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। ভর্তির জন্য ছাত্র-ছাত্রীদের বয়স ও পাসের সন শিথিলযোগ্য। |
| সরকারি প্রতিষ্ঠানসমূহেঃ<br>(ক) এইচএসসি (ভোক) | এসএসসি (ভোক) পরীক্ষায় সকল বিষয়ে পাস ছাত্র-ছাত্রীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। |
| সরকারি প্রতিষ্ঠান<br>(ক) ২-বছর মেয়াদি মেরিন ও শিপবিল্ডিং ট্রেড সার্টিফিকেট | ২০১০, ২০০৯ ও ২০০৮ সনে এসএসসি/এসএসসি(ভোক)/সমমান পরীক্ষায় সাধারণ গণিত বা উচ্চতর গণিতে জিপি ৩ সহ কমপক্ষে জিপিএ ৩ প্রাপ্ত ছাত্র-ছাত্রীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। |

**২.০ ভর্তি কার্যক্রমের সময়সূচীঃ**

| প্রতিষ্ঠানের ধরন | শিক্ষাক্রম | ভর্তি আবেদনপত্র বিতরণ ও গ্রহণ (প্রতিষ্ঠান) | ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ যোগ্য শিক্ষার্থীদের তালিকা প্রকাশ | ভর্তি পরীক্ষা | ভর্তি যোগ্য শিক্ষার্থীদের তালিকা প্রকাশ | মেধা তালিকাভুক্ত ছাত্র/ছাত্রীদের ভর্তি | অপেক্ষমান তালিকাভুক্ত ছাত্র/ছাত্রীদের ভর্তি | ক্লাশ আরম্ভ |
|---|---|---|---|---|---|---|---|---|
| সরকারি | (ক) ডিপ্লোমা-ইন ইঞ্জিনিয়ারিং | ভর্তির সকল প্রক্রিয়া ২০-০৬-১০ইং তারিখ হতে শুরু করে ০৫-০৮-১০ইং তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। | | | | | | ২/১০/১০ |
| সরকারি | (খ) ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, গার্মেন্টস ডিজাইন ও প্যাটার্ন মেকিং ও জুট টেকনোলজি | ০৮/০৬/১০ হতে ২০/০৬/১০ | ২৭/০৬/১০ | ০২/০৭/১০ | ১০/০৭/১০ | ১১/০৭/১০ হতে ১৩/০৭/১০ | ১৪/০৭/১০ হতে ১৮/০৭/১০ | |
| বেসরকারি | (ক) ডিপ্লোমা-ইন ইঞ্জিনিয়ারিং<br>(খ) ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, গার্মেন্টস ডিজাইন ও প্যাটার্ন মেকিং | ভর্তির সকল প্রক্রিয়া ১০-০৬-১০ইং তারিখ হতে শুরু করে ৩০-০৯-১০ইং তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। | | | | | | ২/১০/১০ |
| বেসরকারি | (গ) ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার ও ফিসারিজ<br>(ঘ) ডিপ্লোমা-ইন-হেল্থ টেকনোলজি এন্ড সার্ভিসেস | ভর্তির সকল প্রক্রিয়া ১০-০৬-১০ইং তারিখ হতে শুরু করে ৩০-০৯-১০ইং তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। | | | | | | ৩০/১০/১০ |
| বেসরকারি ও সরকারি | এইচএসসি (বিএম)<br>ডিপ্লোমা-ইন-কমার্স | ভর্তির সকল প্রক্রিয়া ১০-০৬-১০ইং তারিখ হতে শুরু করে ৩০-০৬-১০ইং তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। | | | | | | ০১/০৭/১০ |

**৩.০ ভর্তি সংক্রান্ত তথ্যাবলিঃ**

৩.১ কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক পরিচালিত ৫০টি সরকারি পলিটেকনিকে অন লাইনে ভর্তির আবেদন করতে হবে Website: www.techedu.gov.bd)। অন্যান্য প্রতিষ্ঠানগুলো কারিগরি শিক্ষা বোর্ডের (www.bteb.gov.bd)ওয়েব সাইট থেকে ফরম ও তথ্য সংগ্রহ করে তা ছাত্র-ছাত্রীদের বিতরণ করবে। ভর্তিচ্ছু প্রার্থীদেরকে (সরকারি পলিটেকনিক ব্যতিত) যে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে ইচ্ছুক সেখান থেকে অফিস চলাকালীন সময়ে ৬০/- (ষাট) টাকার (অফেরতযোগ্য) বিনিময়ে তথ্যবিবরণী এবং ভর্তির আবেদন ফরম সংগ্রহ পূর্বক নিজ হাতে পূরণ করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অথবা অধিদপ্তরের ওয়েব সাইটেও জমা দিতে পারবে। ভর্তি সংক্রান্ত তথ্যাদি বোর্ডের নিজস্ব ওয়েব সাইটে দেখা যাবে।

৩.২ সরকারি ডিপ্লোমা প্রতিষ্ঠন গুলোতে ডিপ্লোমা কোর্সের ভর্তির জন্য ৫০ নম্বরের ভর্তি পরীক্ষা এবং ৫০ নম্বর GPA মিলিয়ে মোট ১০০ নম্বরে মধ্যে এবং সরকার কর্তৃক নির্ধারিত কোটা অনুসরণ পূর্বক মেধা তালিকা তৈরি করে মেধার ভিত্তিতে ভর্তি করা হবে।

৩.৩ সরকারি প্রতিষ্ঠানে ভর্তি পরীক্ষার জন্য ভর্তি ফি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারণ করবেন (শুধুমাত্র সরকারি প্রতিষ্ঠন সমূহের জন্য তাদের নির্ধারিত পরীক্ষার ফি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অথবা তাদের অধিদপ্তরে জমা দিতে হবে।)

৩.৪ কারিগরি শিক্ষা বোর্ডের অধিন ২০১০-১১ শিক্ষা বর্ষের সকল কোর্সের ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে (Website: www.bteb.gov.bd), পাওয়া যাবে।

**প্রফেসর মোঃ আবুল কাশেম**
চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা-১২০৭।

## বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)

(Bangladesh Institute of Sports)
জিরানী, সাভার, ঢাকা-১৩৪৯।

স্মারক নং-বিকেএসপি/প্রশিক্ষণ-১/১৩৬/৭১১ তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ ১৪১৭
০৭ জুন ২০১০

### *ডিপ্লোমা-ইন-স্পোর্টস কোচিং কোর্স*

*এ্যাথলেটিক্স ক্রীড়া* বিষয়ে ৮ মাস মেয়াদী *"ডিপ্লোমা ইন স্পোর্টস কোচিং কোর্স"*।
*ক্রিকেট ও ফুটবল বিভাগের জন্য প্রথম পর্বে ৪ সপ্তাহ সার্টিফিকেট কোর্স এবং কোর্স সমাপনান্তে যোগ্য প্রার্থীদেরকে উক্ত* ক্রীড়া বিষয়ে আরো ৭ মাস মেয়াদী *"ডিপ্লোমা ইন স্পোর্টস কোচিং কোর্সে"* ভর্তির জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে।

*ভর্তির যোগ্যতা ঃ*

ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয়/কলেজ থেকে স্নাতক ডিগ্রী।
খ) জাতীয়/ঢাকা প্রিমিয়ার ও ১ম বিভাগ লীগ পর্যায়ের সংশ্লিষ্ট ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণকারী খেলোয়াড়/এ্যাথলেট হতে হবে।
গ) প্রার্থীর বয়স ২২ থেকে ৩০ বৎসরের মধ্যে হতে হবে।
ঘ) আন্তর্জাতিক ক্রীড়া প্রতিযোগিতায়/খেলায় বাংলাদেশের পক্ষে অংশগ্রহণকারী খেলোয়াড় এবং সার্টিফিকেট কোর্সে অংশগ্রহণকারীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স সীমা শিথিল করা যেতে পারে।
ঙ) উল্লিখিত ডিপ্লোমা কোর্সের প্রতিটি বিষয়ে বাংলাদেশ সেনাবাহিনীর জন্য ২টি, বাংলাদেশ নৌবাহিনীর জন্য ১টি ও বাংলাদেশ বিমান বাহিনীর জন্য ১টি করে আসন সংরক্ষিত থাকবে।

*দরখাস্তের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে ঃ*

ক) সংশ্লিষ্ট বোর্ড ও বিশ্ববিদ্যালয়/কলেজ কর্তৃক ইস্যুকৃত মাধ্যমিক, উচচ মাধ্যমিক ও স্নাতক পরীক্ষা পাশের নম্বরপত্র ও সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
খ) জাতীয়/ঢাকা প্রিমিয়ার ও ১ম বিভাগ লীগ পর্যায়ের ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণের সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
গ) ৪ (চার) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি।
ঘ) জাতীয়তা ও চারিত্রিক সনদপত্র।

*প্রতিষ্ঠান কর্তৃক প্রদেয় সুবিধাদিঃ*

কোর্সটি সম্পূর্ণ আবাসিক এবং বিনা খরচে থাকা খাওয়ার ব্যবস্থা করা হবে।

ভর্তিচ্ছু প্রার্থীদের ৩০ *জুন ২০১০* তারিখের মধ্যে সাদা কাগজে লিখিত আবেদন পত্র *"মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, জিরানী, সাভার, ঢাকা-১৩৪৯"* এই ঠিকানায় পৌঁছাতে হবে। খামের উপরে অবশ্যই ভর্তিচ্ছু বিষয়ের নাম এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।

বিস্তারিত তথ্যের জন্য এ্যাথলেটিক্স বিষয়ে আবেদনকারীগণ ০১৮১৭৫৮৯৪৭৭ নম্বরে ক্রিকেট বিষয়ে আবেদনকারীগণ ০১৭১২৮৭৭৯৭২ নম্বরে এবং ফুটবল ক্রীড়া বিষয়ে আবেদনকারীগণ ০১৭১৩২৪৫৯৯৯ অথবা ফোন-৭৭৮৯২১৫-৬ এবং ফ্যাক্স-৭৭৮৯৫১৩ নম্বরে যোগাযোগ করতে পারবেন।

*এম এম সালেহীন, এনডিসি*, পিএসসি
ব্রিগেডিয়ার জেনারেল
মহাপরিচালক
বিকেএসপি।

GD-2725